# বার্ষিক প্রতিবেদন

**২০১৬ - ২০১৭ অর্থ বৎসর**


**বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট**
**জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ**
**সেক্টর - ৮, প্লট - ৫এ, উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০**

প্রকাশনায় : বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
সেক্টর - ৮, প্লট - ৫এ, উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০
ফোন : ৮৮০-২-৮৯৩৩৩৩৫, ফ্যাক্স : ৮৮০-২-৮৯৩৩৩৩৬
ওয়েব সাইটঃ bpi.gov.bd

প্রকাশকাল : অক্টোবর, ২০১৭

# সূচীপত্র


| ক্রমিক নং | পরিচ্ছেদ | | বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|---|---|---|
| ১। | প্রথম পরিচ্ছেদ | : | বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট পরিচিতি | ০১ |
| ২। | দ্বিতীয় পরিচ্ছেদ | : | বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর জনবল কাঠামো | ০৪ |
| ৩। | তৃতীয় পরিচ্ছেদ | : | প্রশিক্ষণ চিত্র জুলাই ২০১৬-জুন ২০১৭ | ০৬ |
| ৪। | চতুর্থ পরিচ্ছেদ | : | বাজেট ও হিসাব (জুলাই ২০১৬ - জুন ২০১৭ অর্থ বৎসর ) | ০৯ |
| ৫। | পঞ্চম পরিচ্ছেদ | : | বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর অর্জন ও ভবিষ্যৎ পরিকল্পনা | ১৪ |

# প্রথম পরিচ্ছেদ

# বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

ভূমিকা :

১৯৮১ সালের জানুয়ারি মাসে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অধীনে উন্নয়ন প্রকল্প হিসাবে ''বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট'' নামে এ প্রতিষ্ঠানের যাত্রা শুরু হয়। ১৯৮১-৯২ এবং ১৯৯২-৯৬ সময়কালে দুই পর্যায়ে ইউএনডিপি, নোরাড ও বাংলাদেশ সরকারের অর্থায়নে প্রকল্পটি বাস্তবায়ন করা হয় এবং উল্লিখিত সময়ে বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর নিজস্ব ভবনটি বাংলাদেশ সরকারের অর্থায়নে নির্মাণ করা হয়। পরবর্তীতে বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউ আইন ২০০৪ দ্বারা বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অধীনে একটি সংবিধিবদ্ধ সংস্থা হিসেবে আত্ম প্রকাশ করে। তেল, গ্যাস ও খনিজ খাতে কর্মরত কর্মকর্তা ও পেশাজীবিদের কারিগরি, প্রশাসনিক ও আর্থিক বিষয়ে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ জনবল সৃষ্টি, উচ্চতর গবেষণা, পেট্রোলিয়াম সংশ্লিষ্ট বিষয়ে যাবতীয় উপাত্ত সমন্বয়ে একটি কম্পিউটার ডাটা ব্যাংক পরিচালনা এবং সংশ্লিষ্ট বিষয়ে সরকারকে পরামর্শ প্রদান করা বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউ এর উদ্দেশ্য। বিপিআই ভবনটি উত্তরা মডেল টাউনে অত্যন্ত মনোরম পরিবেশে অবস্থিত। সম্প্রতি বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউটের মূল ভবনটি সংস্কার, মেরামত ও আধুনিকায়ন করার ফলে বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট অধিকতর মানসম্পন্ন প্রশিক্ষণ প্রদানের ক্ষেত্রে সহায়ক পরিবেশ তৈরীতে সক্ষমতা অর্জন করেছে।

বিপিআই এর পরিচালনা ব্যয় সরকারের রাজস্বখাত, পেট্রোবাংলা ও বিপিসি হতে অনুদান হিসেবে প্রাপ্ত অর্থ দ্বারা নির্বাহ করা হয়।এ ছাড়া প্রশিক্ষণ ও অন্যান্য খাত হতে বিপিআই এর নিজস্ব অর্থ দ্বারাও বিপিআই এর ব্যয় নির্বাহ করা হয়। তেল, গ্যাস ও খনিজ খাতে কর্মরত পেশাজীবি কর্মকর্তা/কর্মচারীগণকে প্রশিক্ষণ প্রদান, গবেষণা ও উন্নয়ন কার্যাদি এবং শিক্ষামূলক সমন্বিত সমীক্ষা পরিচালনা, প্রযুক্তি হস্তান্তর ত্বরান্বিতকরণ ও প্রযুক্তির উৎকর্ষ সাধন ইত্যাদি কার্যাদি বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউটের নিকট ন্যস্ত করা হয়েছে। বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউটের কর্মকান্ড ১০ সদস্য বিশিষ্ট গভর্নিং বোর্ডের নির্দেশনা মোতাবেক পরিচালিত হচ্ছে। প্রতিবেদনাধীন সময়ে বিপিআই গভর্নিং বোর্ডের ০৪(চার)টি বোর্ড সভা অনুষ্ঠিত হয়েছে।

## রূপকল্প (Vision)

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউটকে আন্তর্জাতিকভাবে স্বীকৃত মানের সেন্টার অফ এক্সেলেন্স (Centre of Excellence) হিসাবে গড়ে তোলা।

## অভিলক্ষ্য( Mission )

তেল, গ্যাস ও খনিজ সম্পদ খাতে মানসম্পন্ন প্রশিক্ষিত মানব সম্পদ তৈরী।

কৌশলগত উদ্দেশ্যসমূহ:

১. মানসম্পন্ন প্রশিক্ষণের মাধ্যমে মানবসম্পদ উন্নয়ন
২. ওয়ার্কসপ/সেমিনার আয়োজন
৩. তেল, গ্যাস ও খনিজ সম্পদ বিষয়ে গবেষণা ও উন্নয়ন

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর উপর অর্পিত কার্যাবলী :-

(ক) তেল, গ্যাস ও খনিজ সম্পদ খাতের সকল পেশাজীবি ও কর্মকর্তার উচ্চতর প্রশিক্ষণ, উক্ত খাতের গবেষণা ও উন্নয়ন এবং শিক্ষা বিষয়ক কর্মকান্ড পরিচালনা ও ক্রমান্বয়ে এই সকল কর্মকান্ডের মান আন্তর্জাতিক পর্যায়ে উন্নীতকরণের লক্ষ্যে উপযোগী স্থাপনাদি উন্নয়ন ও সুযোগ সৃষ্টি এবং সংশ্লিষ্ট বিষয়ে উপাত্ত সংগ্রহ, সংরক্ষণ ও প্রকাশ করা ;

(খ) তেল, গ্যাস ও খনিজ অনুসন্ধান কাজের সাথে সংশ্লিষ্ট সমীক্ষা, পরীক্ষা, উপাত্ত প্রক্রিয়াকরণ, বিশ্লেষণ ইত্যাদি পরিচালনা এবং এতদসংক্রান্ত গবেষণা পরিচালনা করা ;

(গ) বিভিন্ন দেশীয় ও আন্তর্জাতিক পর্যায়ের সরকারি, বেসরকারি সংস্থা ও বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ স্থাপন এবং ইন্সটিটিউটের কর্মকান্ডের ক্ষেত্রে আন্তর্জাতিক গ্রহণযোগ্যতা অর্জন ও স্বীকৃতি লাভের জন্য যৌথ কর্মসূচী গ্রহণ করা ;

(ঘ) আধুনিক তথ্য প্রযুক্তির সাহায্যে তেল, গ্যাস ও খনিজ বিষয়ক একটি জাতীয় তথ্য ব্যাংক স্থাপন এবং ইন্সটিটিউট-কে পেট্রোলিয়াম ও খনিজ সম্পদ সেক্টরের রেফারেন্স কেন্দ্র হিসাবে প্রতিষ্ঠা করা ;

(ঙ)) জাতীয় তথ্য ব্যাংকে সংগৃহীত ও সংরক্ষিত বিভিন্ন উপাত্ত, প্রতিবেদন সংক্রান্ত তথ্য প্রকাশ ও বিক্রয় করা ;

(চ) ইন্সটিটিউট কর্তৃক প্রদত্ত সার্ভিস ও ইন্সটিটিউট পরিচালিত যাবতীয় কর্মকান্ডের জন্য গভর্নিং বোর্ড কর্তৃক ধার্যকৃত ও অনুমোদিত হারে ''ফি''গ্রহণ করা ;

(ছ) ইন্সটিটিউটের প্রশিক্ষণ, গবেষণা ও উন্নয়ন কর্মকান্ডের জন্য প্রয়োজনীয় পরীক্ষাগার, ওয়ার্কশপ, ডরমিটরি ও অন্যান্য সুবিধাদি স্থাপন এবং রক্ষণাবেক্ষণ করা ও প্রাতিষ্ঠানিক উৎকর্ষ সাধনে বিশ্বের অন্যত্র পরিচালিত অনুরূপ ইন্সটিটিউটের সাথে যোগাযোগ ও সম্পর্ক স্থাপন করা।

## গভর্নিং বোর্ড :


বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর কর্মকান্ড নিম্নবর্ণিত ১০(দশ) জন বোর্ড সদস্যদের নির্দেশনা মোতাবেক পরিচালিত হচ্ছ। বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউটের মহাপরিচালক বোর্ডের সাচিবিক দায়িত্ব পালন করেন।

| | | |
|---|---|---|
| (১) | সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ | চেয়ারম্যান |
| (২) | চেয়ারম্যান, বিপিসি | সদস্য |
| (৩) | চেয়ারম্যান, পেট্রোবাংলা | সদস্য |
| (৪) | প্রধান, পেট্রোলিয়াম এন্ড মিনারেল রিসোর্সেস ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট, বুয়েট | সদস্য |
| (৫) | যুগ্ম-সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ | সদস্য |
| (৬) | যুগ্ম-সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | সদস্য |
| (৭) | মহাপরিচালক, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর | সদস্য |
| (৮) | চেয়ারম্যান, ভূতত্ত্ব বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় | সদস্য |
| (৯) | বাংলাদেশ জিওলজিক্যাল সোসাইটির মনোনীত প্রতিনিধি | সদস্য |
| (১০) | মহাপরিচালক, বিপিআই | সদস্য সচিব |

## প্রাতিষ্ঠানিক সদস্য পদ :

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট, প্রশিক্ষণ ও উন্নয়ন সংশ্লিষ্ট একটি দেশীয় সমিতি **"Bangladesh Society for Training and Development (BSTD)"** এর প্রাতিষ্ঠানিক সদস্য।

## ইন্সটিটিউটের অবস্থান :



# দ্বিতীয় পরিচ্ছেদ

## বিপিআই এর জনবল কাঠামো

বিপিআই সীমিত সংখ্যক জনবল নিয়ে তার কর্মসূচি নির্ধারিত সময়ে সম্পন্ন করতে সচেষ্ট থাকে। ইতোমধ্যে বিপিআই এর অপ্রতুল জনবল জনিত সমস্যা নিরসনে গভর্নিং বোর্ড কর্তৃক অনুমোদিত সাংগঠনিক কাঠামো অনুসারে পদ সৃজনের সরকারি আদেশ (জিও) জারী করা হয়েছে এবং অর্থ বিভাগ কর্তৃক পৃষ্ঠাঙ্কন করা হয়েছে। অনুমোদিত জনবল কাঠামো অনুসারে অত্র প্রতিষ্ঠানে বর্তমান জনবলের চিত্র নিম্নরূপ:

| ক্রমিক নং | পদের নাম | পদ সংখ্যা | কর্মরত | শূন্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১। | মহাপরিচালক | ০১ | ০১ | -- | প্রেষণে নিয়োজিত |
| ২। | পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ) | ০১ | ০১ | -- | প্রেষণে নিয়োজিত |
| ৩। | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (পিএসও) | ০২ | -- | ০২ | |
| ৪। | উদ্ধর্তন বৈজ্ঞানিক কর্মকর্তা | ০৩ | -- | ০৩ | |
| ৫। | উপ-পরিচালক | ০২ | ০১ | ০১ | |
| ৬। | বৈজ্ঞানিক কর্মকর্তা(এসও) | ০৮ | ০১ | ০৭ | |
| ৭। | সহকারী পরিচালক | ০৪ | ০৪ | -- | |
| | ১ম শ্রেণীর মোট = | ২১ | ০৮ | ১৩ | |
| ৮। | হিসাব রক্ষক-কাম-ক্যাশিয়ার | ০১ | ০১ | -- | |
| ৯। | টেকনিশিয়ান (ল্যাব/কম্পিউটার) | ০২ | ০১ | ০১ | |
| ১০। | পিএ | ০৩ | -- | ০৩ | |
| ১১। | নকশাকার | ০১ | ০১ | -- | |
| ১২। | সহকারী স্টোর/হিসাব/প্রশিক্ষণ/লাইব্রেরী) | ০৪ | ০৩ | ০১ | |
| ১৩। | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০৩ | ০৩ | -- | |
| ১৪। | গাড়ীচালক | ০৪ | ০৩ | ০১ | |
| | ৩য় শ্রেণী মোট = | ১৮ | ১২ | ০৬ | |
| ১৫। | ম্যাপ কপিয়ার/এমোনিয়া প্রিন্টার/পিপিসি অপারেটর | ০২ | ০২ | -- | |
| ১৬। | ল্যাব এটেনডেন্ট | ০১ | ০১ | -- | |
| ১৭। | অফিস সহায়ক (উচ্চ স্কেল) | ০১ | ০১ | -- | |
| ১৮। | অফিস সহায়ক | ০৬ | ০৬ | -- | |
| ১৯। | নিরাপত্তা প্রহরী | ০৩ | ০২ | ০১ | |
| ২০। | ঝাড়ুদার | ০১ | ০১ | -- | |
| ২১। | মালী | ০১ | -- | ০১ | |
| | ৪র্থ শ্রেণীর মোট= | ১৫ | ১৩ | ০২ | |
| | সর্বমোট: (১ম+৩য়+৪র্থ) = | ৫৪ | ৩৩ | ২১ | |

বিপিআই এর জনবল কাঠামোয় বর্তমানে ২১টি পদ শূন্য আছে। তার মধ্যে প্রথম শ্রেণীর ১৩টি পদ শূন্য থাকায় প্রশিক্ষণ ও গবেষণা কাজ ব্যহত হচ্ছে। নিজস্ব জনবলের অভাবে শতভাগ প্রশিক্ষকই ইন্সটিটিউটের বাহির হতে অর্থাৎ সরকারী কর্মকর্তা, জ্বালানি খাতের অভিজ্ঞ কর্মকর্তা, বাংলাদেশ আণবিক শক্তি কমিশন, ঢাকা বিশ্ববিদ্যালয়, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ও বুয়েটের শিক্ষকদের আমন্ত্রণ জানানো হয়। সম্প্রতি বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০১৬ গেজেট বিজ্ঞপ্তি আকারে প্রকাশিত হয়েছে। বর্তমানে শূন্য পদে জনবল নিয়োগের বিষয়টি চলমান রয়েছে। বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর শূন্য পদ সমূহ জনবল নিয়োগের মাধ্যমে পূরণ করা হলে মানসম্পন্ন প্রশিক্ষণ প্রদান করতে সমর্থ হবে।

বিপিআইকে একটি আন্তজার্তিক মানের প্রশিক্ষণ প্রতিষ্ঠান হিসাবে গড়ে তুলতে হলে বর্তমান জনবল কাঠামোর পুনর্গঠন এবং প্রশিক্ষণ সংশ্লিষ্ট প্রয়োজনীয় যুগোপযোগি যন্ত্রপাতি সংগ্রহ করা প্রয়োজন। বিপিআই জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের প্রত্যক্ষ সহযোগিতায় এ বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করেছে।

# তৃতীয় পরিচ্ছেদ

## প্রশিক্ষণ ও গবেষণা

**প্রশিক্ষণ:**

বিপিআইএর ২০১৬-১৭ অর্থ বৎসরের প্রশিক্ষণ কোর্স ক্যালেন্ডার প্রণয়নের প্রাক্কালে জ্বালানি ও খনিজ সম্পদ সেক্টরের বিভিন্ন প্রতিষ্ঠান/সংস্থা/কোম্পানীসমূহের প্রতিনিধিগণের সমন্বয়ে প্রশিক্ষণের চাহিদা নিরূপনের জন্য একটি সভা ১৬/০৬/২০১৬ তারিখে আয়োজন করা হয়। উক্ত সভায় ২০১৫-২০১৬ সালে বাস্তবায়িত কোর্সের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সভায় উপস্থিত প্রতিনিধিগণের চাহিদা ও মতামতের ভিত্তিতে বিপিআই এর ২০১৬-১৭ অর্থ বৎসরের জন্য নিম্নবর্ণিত প্রশিক্ষণ কোর্স ক্যালেন্ডার (সারণী-১) প্রণয়ন করা হয়, যা বিপিআই গর্ভনিং বোর্ডের ৫৫তম সভায় অনুমোদিত হয়।

স্বারণী ১ : ২০১৬-১৭ অর্থ বৎসরের অনুমোদিত কোর্সের তালিকা :

Training Schedule for 2016-2017

| SL No. | Course Title |
|---|---|
| 1. | Fire Fighting, Fire Prevention, Rescue and First Aid |
| 2. | Workshop On the Annual Performance Agreement (APA) |
| 3. | Material Engineering Codes & Standards |
| 4. | Taxation and VAT Management |
| 5. | Storage, Handling & Maintenance of POL Products & Aircraft Refueling |
| 6. | Store Keeping and Stock Control |
| 7. | Foundation Course |
| 8. | Project Management |
| 9. | Occupational Safety, Health and Environmental Management |
| 10. | Workshop On ACR Writing |
| 11. | Gas Pipeline Welding & NDT |
| 12. | Prepaid Metering Installation & Management |
| 13. | Design, Construction, Operation and Maintenance of Gas Pipeline |
| 14. | Human Resources Management & Good Governance |
| 15. | Office Management |
| 16. | Geology for Non-Geologist |
| 17. | Public Procurement Act, 2006 & PPR |
| 18. | Financial Management (Budget & Audit) |
| 19. | Design, Construction, Operation and Maintenance of Gas RMS |
| 20. | তথ্য অধিকার আইন |
| 21. | Corrosion Control and Cathodic Protection |

২০১৬-২০১৭ অর্থ বৎসরে বিপিআই গভর্নিং বোর্ডের অনুমোদিত প্রশিক্ষণ সূচী হতে ২০টি প্রশিক্ষণ কোর্স ও ০৪টি ওয়ার্কসপ এর মাধ্যমে মোট ৬৩১ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়। বিপিআইে এর স্বল্প জনবল থাকা সত্ত্বেও সকল প্রশিক্ষণ কর্মসূচীই সফলভাবে সম্পন্ন হয়েছে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ও কোম্পানী হতে প্রয়োজনীয় সংখ্যক প্রশিক্ষণার্থী মনোনয়ন না পাওয়ায় এবং কিছু প্রশিক্ষণ কারিগরী নির্ভরতার কারণে অন্যান্য (TICI) প্রশিক্ষণ প্রতিষ্ঠান হতে নির্ধারিত সিডিউল না পাওয়ার কারণে কিছু প্রশিক্ষণ কর্মসূচী বাস্তবায়ন করা সম্ভব হয়নি। উল্লেখ্য ব্যবহারিক ক্লাশগুলো আণবিক শক্তি কমিশনের গবেষণাগার, তিতাস গ্যাস টি এন্ড ডি কোং লি: ও ট্রেনিং ইন্সটিটিউট ফর কেমিক্যাল ইন্ডাষ্ট্রিজ (TICI) এর গবেষণাগারে অনুষ্ঠিত হয়। বাস্তবায়িত প্রশিক্ষণ কোর্স ও ওয়ার্কসপের তালিকা সারণী-২ এ দেয়া হলো।

## সারণী ২ : ২০১৬-১৭ অর্থ বৎসরে বাস্তবায়িত প্রশিক্ষণ কোর্স ও ওয়ার্কসপসমূহ :

<u>বিপিআই কর্তৃক ২০১৬-১৭ অর্থ বৎসরের বাস্তবায়িত প্রশিক্ষণ কোর্স ও ওয়ার্কসপের তালিকা</u> :

<u>প্রশিক্ষণ কোর্স :</u>

| ক্রমিক নং | প্রশিক্ষণের নাম | প্রশিক্ষণার্থীর সংখ্যা |
|---|---|---|
| ০১। | অগ্নি প্রতিরোধ, অগ্নি নির্বাপক, উদ্ধার ও প্রাথমিক চিকিৎসা বিষয়ক প্রক্ষিণ | ২৯ জন |
| ০২। | Material Engineering Codes Standards | ১৭ জন |
| ০। | Taxation & VAT Management | ২৯ জন |
| ০৪। | Store Keeping and Stock Control | ২৯ জন |
| ০৫। | Project Management | ২৯ জন |
| ০৬। | Occupation Safety, Health and Environmental Management | ৪২ জন |
| ০৭। | Prepaid Metering Istallation & Management | ১৩ জন |
| ০৮। | Storage, Handling & Maintenance of POL Products & Aircraft Refueling | ২০ জন |
| ০৯। | Design, Construction Operation and Maintenance of Gas Pipline | ১৮জন |
| ১০। | Human Resource Management & Good Governance | ৩৭জন |
| ১১। | Office Management | ৩০জন |
| ১২। | Gas Pipline Welding & NDT | ১৩জন |
| ১৩। | ই-ফাইলিং (নথি) বাস্তবায়ন সংক্রান্ত | ১৩জন |
| ১৪। | Public Procurment Act 2006 &PPR | ২০জন |
| ১৫। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) বাস্তবায়ন পদ্ধতি সহায়ক | ৩৫জন |
| ১৬। | Financial Management (Budget & Audit) | ১৭জন |
| ১৭। | অফিস ব্যবস্থাপনা ও শুদ্ধাচার বিষয়ক | ২৫জন |
| ১৮। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) বাস্তবায়ন পদ্ধতি সহায়ক | ৪১জন |
| ১৯। | Design, Construction, Operation and Maintenance of Gas RMS | ১৮ জন |
| ২০। | Corrosion Control and Cathodic Proection | ১৭ জন |
| | মোট = | ৪৯২ জন |
| | | |

<u>ওয়ার্কসপ :</u>

| ক্রমিক নং | ওয়ার্কসপের নাম | প্রশিক্ষণার্থীর সংখ্যা |
|---|---|---|
| ১। | Annual Performance Agreement(APA) | ৩৩ জন |
| ২। | ACR Writing | ৩৭ জন |
| ৩। | ACR Writing | ৩৯ জন |
| ৪। | তথ্য অধিকার আইন, ২০০৯ | ৩০ জন |
| | মোট = | ১৩৯ জন |
| | | |

## নিজস্ব কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধি :

বিপিআই এর কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধি কল্পে দেশের অভ্যন্তরে ও বিদেশে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য প্রেরণ করে। প্রতিবেদনাধীন বৎসরে বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর মোট ৩২জন কর্মকর্তা ও কর্মচারী বিভিন্ন মেয়াদে প্রশিক্ষণ কোর্সে, ওয়ার্কসপ ও সেমিনারে অংশগ্রহণ করেন।

## গবেষণা :

জাপান এর JGI, MOECO ও ICEP এর আর্থিক ও কারিগরী সহায়তা এবং বাংলাদেশের বিপিআই, পেট্রোবাংলা ও বাপেক্স এর যৌথ উদ্যোগে পরিচালিত "Joint Research of Surma Basin, Bangladesh" শীর্ষক গবেষণা কার্যক্রমের ৪র্থ পর্যায় কার্যক্রম ইতোমধ্যে সমাপ্ত হয়েছে। বাপেক্স, বিপিআই, পেট্রোবাংলা, MOECO ও ICEP, Japan এর যৌথ উদ্যোগে Block#8 এর উপর মাসব্যাপি বাপেক্স এর 2D Project অফিসে বিস্তারিত গবেষণার কাজ অনুষ্ঠিত হয়। আশা করা যায় পরবর্তী পর্যায়ে গবেষণা কার্যক্রম অব্যাহত থাকবে।

## গ্রন্থাগার :

প্রশিক্ষক ও গবেষকদের চাহিদা মেটাতে বিপিআইতে একটি সমৃদ্ধ গ্রন্থাগার রয়েছে। ২৯৫০টি পুস্তক সমৃদ্ধ গ্রন্থাগারটিতে বেশীর ভাগ কারিগরী বিষয়ের বই রয়েছে। তাছাড়া কিছু বিদেশী জার্নাল, প্রশাসনিক ও অন্যান্য পাঠ্য সামগ্রী রয়েছে। প্রতিবেদনাধীন সময়ে "সচিবালয় নির্দেশনা ২০১৪" এর ৮টি ও "পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮" বইসমূহ লাইব্রেরীর জন্য সংগ্রহ করা হয়। গ্রন্থাগারের বই উত্তোলন ও জমার ব্যবস্থা সনাতন নিয়মে হাতে কলমে খাতায় লিপিবদ্ধ করে পরিচালনা করা হয়। আধুনিক ব্যবস্থাপনা হিসাবে গ্রন্থাগারটিতে ডাটাবেইজ ব্যবস্থাপনা প্রবর্তন করা হবে।

# চতুর্থ পরিচ্ছেদ
## বাজেট ও হিসাব (২০১৬- ২০১৭ অর্থ বৎসর)

### বাজেট ও হিসাব :

বিপিআই এর আর্থিক লেনদেন সম্পাদনের জন্য একটি হিসাব শাখা রয়েছে। যাবতীয় আয়-ব্যয়, লেনদেন এবং হিসাব সংগ্রহের দায়িত্ব এ শাখা পালন করে থাকে।

বিপিআই একটি সংবিধিবদ্ধ সংস্থা হলেও সরকারি হিসাব পদ্ধতিই এখানে চালু রয়েছে। বিপিআই এর নিম্নলিখিত উৎস হতে তহবিল প্রাপ্ত হয় :

(ক) সরকারী অনুদান

(খ) পেট্রোবাংলা

(গ) বিপিসি

(ঘ) নিজস্ব আয়

২০১৬-১৭ অর্থ বৎসরে বিপিআই পরিচালনার জন্য ৪,৪৯,৮৮,৫০০/-(চার কোটি উনপঞ্চাশ লক্ষ আটাশি হাজার পাঁচশত) টাকার বাজেট গভর্নিং বোর্ড কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে উক্ত অর্থ বৎসরের জন্য পরিচালনা বোর্ড কর্তৃক ৩,২৮,২৮,০৪১/২৮(তিন কোটি আটাইশ লক্ষ আটাইশ হাজার একচল্লিশ টাকা আটাইশ পয়সা) টাকা সংশোধিত বাজেট অনুমোদিত হয়। অনুমোদিত বাজেট অনুযায়ী বর্ণিত সময়ে সর্বমোট ৩,১৬,৯৩,৮৪৫/৩৬ (তিন কোটি ষোল লক্ষ তিরানব্বই হাজার আটশত পয়তাল্লিশ টাকা ছত্রিশ পয়সা) টাকা ব্যয় হয়।

### ২০১৬-২০১৭ অর্থ আয়

| | | |
|---|---|---|
| ১। | সরকারি অনুদান | ১,৭৩,০০,০০০.০০ |
| ২। | পেট্রোবাংলা | ৫০,০০,০০০.০০ |
| ৩। | বিপিসি | ১৫,০০,০০০.০০ |
| ৪। | প্রশিক্ষণ ফি | ২২,০৬,৪২১.০০ |
| ৫। | এফডিআর এর সুদ | ৬০,৩৬,৩৪৫.৮১ |
| ৬। | এসটিডির সুদ | ৩,৯৬,৬৭১.০০ |

২০১৬-১৭ অর্থ বৎসরের বরাদ্দ ও ব্যয়ের বিবরণী সংযোজনী ‘ক’ তে দেয়া হলো।

সংযোজনী-'ক'

## ২০১৬-১৭ অর্থ বছরের বরাদ্দ ও ব্যয়ের চূড়ান্ত হিসাব বিবরণী

| ক্রমিক নং | কোড নং | খাত | ২০১৬-১৭ অর্থ বছরের অনুমোদিত বাজেট বিভাজন | ২০১৬-১৭ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বাজেট বিভাজন | ২০১৬-১৭ অর্থ বছরের ব্যয় |
|---|---|---|---|---|---|
| | রাজস্ব ব্যয় | | | | |
| ১ | ৪৫০১ | কর্মকর্তাদের বেতন | ৩৫,০০,০০০.০০ | ৩৫,০০,০০০.০০ | ৩৪,৪৯,২৭৩.৫৫ |
| ২ | ৪৬০১ | কর্মচারীদের বেতন | ৫০,৫০,০০০.০০ | ৫০,৫০,০০০.০০ | ৪৯,৯৪,২৮০.০০ |
| | | উপমোট : | ৮৫,৫০,০০০.০০ | ৮৫,৫০,০০০.০০ | ৮৪,৪৩,৫৫৩.৫৫ |
| | ৪৭০০ ভাতাদি | | | | |
| ৩ | ৪৭০১ | মহার্ঘ ভাতা | -- | -- | -- |
| ৪ | ৪৭০৫ | বাড়ী ভাড়া ভাতা | ৪৭,৬০,০০০.০০ | ৪৭,৬০,০০০.০০ | ৪৬,৭৫,২৫৮.০০ |
| ৫ | ৪৭০৯ | শ্রান্তি ও বিনোদন ভাতা | ৩,০০,০০০.০০ | ৩,০০,০০০.০০ | ১,৬০,৯১০.০০ |
| ৬ | ৪৭১৩ | উৎসব ভাতা | ১৪,৫০,০০০.০০ | ১৪,৫০,০০০.০০ | ১৪,০৬,৭৮০.০০ |
| ৭ | ৪৭১৪ | বাংলা নববর্ষ ভাতা | ১,৫০,০০০.০০ | ১,৫০,০০০.০০ | ১,৪০,৮১২.০০ |
| ৮ | ৪৭১৭ | চিকিৎসা ভাতা | ৫,৯৪,০০০.০০ | ৫,৯৪,০০০.০০ | ৫,৭৬,০০০.০০ |
| ৯ | ৪৭৫২ | ধোলাই ভাতা | ২০,০০০.০০ | ২০,০০০.০০ | ১৯,২০০.০০ |
| ১০ | ৪৭৩৩ | আপ্যায়ন ভাতা | ৮,০০০.০০ | ৮,০০০.০০ | ৭,২০০.০০ |
| ১১ | ৪৭৩৭ | দায়িত্বভার ভাতা | ৫০,০০০.০০ | ৫০,০০০.০০ | ০০ |
| ১২ | ৪৭৫৫ | টিফিন ভাতা | ৭৮,০০০.০০ | ৭৮,০০০.০০ | ৬৫,১২০.০০ |
| ১৩ | ৪৭৬১ | ভ্রমন ভাতা | ১,০০,০০০.০০ | ১৫,০০০.০০ | ১১,২০৮.০০ |
| ১৪ | ৪৭৬৫ | যাতায়াত ভাতা | ৯০,০০০.০০ | ৯০,০০০.০০ | ৮১,৬৫৮.০৫ |
| ১৫ | ৪৭৭৩ | শিক্ষা ভাতা | ২,৩০,০০০.০০ | ২,৩০,০০০.০০ | ২,১০,০০০.০০ |
| ১৬ | ৪৭৯৩ | টেলিফোন ভাতা / মোবাইল ভাতা | ১২,০০০.০০ | ১২,০০০.০০ | ১২,০০০.০০ |
| ১৭ | ৪৭৯৫ | অন্যান্য ভাতা(প্রশিক্ষণ ভাতা) | ৪,৬৮,০০০.০০ | ৪,৬৮,০০০.০০ | ৪,৬৬,৫৯৬.০০ |
| | | উপমোট : | ৮৩,১০,০০০.০০ | ৮২,২৫,০০০.০০ | ৭৮,৩২,৭৪২.০৫ |
| | ৪৮০০ সরবরাহ ও সেবা | | | | |
| ১৮ | ৪৮০১ | ভ্রমন ব্যয় | ৭০,০০০.০০ | ৪০,০০০.০০ | ৩২,১১৫.০০ |
| ১৯ | ৪৮০২ | বদলী ব্যয় | ৫০,০০০.০০ | -- | ০০ |
| ২০ | ৪৮০৫ | অধিকাল ভাতা | ২,৫০,০০০.০০ | ৪০,০০০.০০ | ২৪,৭২১.৬৫ |
| ২১ | ৪৮০৮ | ভাড়া সরঞ্জামাদি | ৫০,০০০.০০ | ১৭,৮৯৫.০০ | ১৭,৮৯৫.০০ |
| ২২ | ৪৮১০ | পৌরকর | ৮৫,০০০.০০ | ৫১,৩২২.০০ | ৫১,৩২২.০০ |
| ২৩ | ৪৮১১ | ভূমিকর | ৫০,০০০.০০ | ৫০,০০০.০০ | -- |
| ২৪ | ৪৮১৩ | কাষ্টম, শুল্ক/ভ্যাট | -- | -- | -- |
| ২৫ | ৪৮১৪ | অন্যান্য কর | -- | -- | -- |
| ২৬ | ৪৮১৫ | ডাক | ৫,০০০.০০ | -- | -- |
| ২৭ | ৪৮১৬ | টেলিফোন/ টেলিপ্রিন্টার | ১,০০,০০০.০০ | ৮০,০০০.০০ | ৬৯,০৯৪.০০ |
| ২৮ | ৪৮১৭ | ট্যালেক্স/ফ্যাক্স/ইন্টারনেট | -- | -- | -- |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ২৯ | ৪৮১৯ | পানি | ২৫,০০০,০০ | ২৫,০০০.০০ | ১৯,৯১৬.০০ |
| ৩০ | ৪৮২১ | বিদ্যুৎ | ৩,৫০,০০০.০০ | ২,৫০,০০০.০০ | ২,১৬,৬৩৫.০০ |
| ৩১ | ৪৮২২ | গ্যাস | ২৫,০০০,০০ | ১২,০০০,০০ | ৯,৮০০.০০ |
| ৩২ | ৪৮২৩ | সিএনজি,পেট্রোল ও লুব্রিক্যান্ট | ৫,০০,০০০.০০ | ১,৬০,০০০.০০ | ১,১৯,৯২৫.৭০ |
| ৩৩ | ৪৮২৪ | বীমা/ব্যাংক চার্জস | ৩,৫০০.০০ | ২২৫.০০ | ২২৫.০০ |
| ৩৪ | ৪৮২৭ | মুদ্রণ ও প্রকাশনা | ৫০,০০০.০০ | ১,১১,০০০.০০ | ১,১১,০০০.০০ |
| ৩৫ | ৪৮২৮ | ষ্টেশনারী, সিল ও ষ্ট্যাম্পস | ৪,০০,০০০.০০ | ৪,০০,০০০.০০ | ৩,৭১,২৮৯.২০ |
| ৩৬ | ৪৮২৯ | গবেষণা ব্যয় | -- | -- | -- |
| ৩৭ | ৪৮৩১ | বইপত্র ও সাময়িকী | ৫০,০০০.০০ | ১৫,০০০.০০ | ১০,৭৯৪.০০ |
| ৩৮ | ৪৮৩৩ | প্রচার ও বিজ্ঞাপন | ১,০০,০০০.০০ | ১,৬৯,৭৭৬.৮০ | ১,৬৯,৭৭৬.৮০ |
| ৩৯ | ৪৮৩৬ | ইউনিফর্ম | ৬০,০০০.০০ | ৪০,০০০.০০ | -- |
| | ৪৮৪০ | প্রশিক্ষণ ব্যয় : | | | |
| ৪০ | | ক) স্থানীয় প্রশিক্ষণ ফি | ২,০০,০০০.০০ | ৪,৫০,০০০.০০ | ৪,১৬,২০০.০০ |
| ৪১ | | খ) বৈদেশিক প্রশিক্ষণ/বৈদেশিক সেমিনার যোগদান/ বৈদেশিক ভিজিট/ট্যুর | ৩০,০০,০০০.০০ | -- | -- |
| ৪২ | | গ) যৌথ উদ্দোগে আয়োজিত প্রশিক্ষণ কোর্স/সেমিনার/কর্মশালা | ১,০০,০০০.০০ | ৪৫,০০০.০০ | ৪৫,০০০.০০ |
| ৪৩ | | ঘ) কোর্স ব্যবস্থাপনা ফি | ২,৫০,০০০.০০ | ১৭,৬০০.০০ | ১৭,৬০০.০০ |
| ৪৪ | ৪৮৪৫ | আপ্যায়ন ব্যয়(প্রশিক্ষণের আপ্যায়নসহ) | ১২,০০,০০০.০০ | ১০,৫০,০০০.০০ | ৯,৬৮,৮৩০.০০ |
| ৪৫ | ৪৮৭৫ | পরিস্কার পরিচ্ছন্নতা(ফোর্স একাউন্ট) | ৫০,০০০.০০ | ৩,০০০.০০ | ১,০৫০.০০ |
| ৪৬ | ৪৮৭৭ | প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তাদের গাড়ী রক্ষণাবেক্ষণ ব্যয় | ৫,৪০,০০০.০০ | ৫,৪০,০০০.০০ | ৫,২০,১৮৫.৪৮ |
| ৪৭ | ৪৮৮১ | নিরাপত্তা প্রহরী | -- | -- | -- |
| | ৪৮৮৩ সম্মানী ভাতা : | | | | |
| ৪৮ | | ক) প্রশিক্ষকের সম্মানী | ১২,০০,০০০.০০ | ৮,৫০,০০০.০০ | ৭,৫১,৫০০.০০ |
| ৪৯ | | খ) প্রশিক্ষণার্থীদের পরীক্ষার খাতা মূল্যায়নের জন্য পরীক্ষকের সম্মানী | ১০,০০০.০০ | -- | -- |
| ৫০ | | গ) গভনিং বোর্ডের সদস্যদের সম্মানী | ২,৫০,০০০.০০ | ১,৬১,০০০.০০ | ১,০৯,০০০.০০ |
| ৫১ | | ঘ) দরপত্র মূল্যায়ন কমিটির সদস্যদের সম্মানী | ৪০,০০০.০০ | ৫০,০০০.০০ | ৪৯,০০০.০০ |
| ৫২ | | ঙ) পরামর্শকের সম্মানী | ১৭,৫০,০০০.০০ | -- | -- |
| ৫৩ | | চ) কর্মকর্তা/ কর্মচারী নিয়োগ/পদোন্নতি এবং চাকুরী নিয়মিতকরণ/ স্থায়ীকরন বিষয়ক কমিটির সদস্যদের সম্মানী | -- | ৫০,০০০.০০ | ৪৮,০০০.০০ |
| ৫৪ | ৪৮৮৯ | অডিট ফি | ৫০,০০০.০০ | -- | -- |
| ৫৫ | | আউট সোর্সিং(যানবাহন ভাড়া, নিরাপত্তা প্রহরী , ক্লিনিং ইত্যাদি) | ৬,০০,০০০.০০ | -- | -- |
| ৫৬ | | ফিল্ড ভিজিট | ৭০,০০০.০০ | -- | -- |
| ৫৭ | | ব্যাগ ক্রয়(প্রশিক্ষণার্থীদের জন্য) | ৪,০০,০০০.০০ | ২,৯৬,০০০.০০ | ২,৯৬,০০০.০০ |
| ৫৮ | | আইন ও মোকদ্দমা সংক্রান্ত | ৩০,০০০.০০ | -- | -- |
| ৫৯ | ৪৮৯৯ | অন্যান্য ব্যয় | ৩,৫০,০০০.০০ | ৩,৫০,০০০.০০ | ২,৭২,২১৩.৯৫ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৬০ | | উপমোট : | ১,২২,৮৩,৫০০.০০ | ৫৩,২৪,২১৮.৮০ | ৪৭,১৯,০৮৮.৭৮ |
| | ৪৯০০ মেরামত, সংরক্ষণ ও পুর্ণবাসন | | | | |
| ৬১ | ৪৯০১ | মোটর যানবাহন | ৫,০০,০০০.০০ | ২৫,০০০.০০ | ২৩,৪৭৫.০০ |
| ৬২ | ৪৯০৬ | আসবাবপত্র | ২,০০,০০০.০০ | ২,৫০০.০০ | ২,২৫০.০০ |
| ৬৩ | ৪৯১১ | কম্পিউটার ও অফিস সরঞ্জাম | ১,৫০,০০০.০০ | ৫০,০০০.০০ | ৩৫,৯২২.৫০ |
| ৬৪ | ৪৯১৬ | যন্ত্রপাতি ও সরঞ্জাম | ১,০০,০০০.০০ | ৩০,০০০.০০ | ২৩.২৯৫.০০ |
| ৬৫ | | বৈদ্যুতিক সরঞ্জাম ক্রয় মেরামত ও রক্ষণাবেক্ষণ | ১,০০,০০০.০০ | ১৩,০০০.০০ | ৫,৭৯৬.০০ |
| ৬৬ | ৪৯২১ | অফিস ভবন | ২৫,০০০.০০ | -- | -- |
| ৬৭ | ৪৯৫৬ | টেলিযোগাযোগ সরঞ্জাম | ২০,০০০.০০ | -- | -- |
| ৬৮ | ৪৯৯১ | অন্যান্য মেরামত ও সংরক্ষণ(পানির লাইন সংস্কার/ বর্ধিত করণসহ) | ৫০,০০০.০০ | -- | -- |
| | | উপমোট : | ১১,৪৫,০০০.০০ | ১,২০,৫০০.০০ | ৯০,৭৩৮.৫০ |
| | ৬৩০০ অবসর ভাতা ও আনুতোষিক | | | | |
| ৬৯ | ৬৩১১ | আনুতোষিক | ৫,০০,০০০.০০ | ৩,৭২,০৪৬.৯৮ | ৩,৭২,০৪৬.৯৮ |
| | ৬৮০০ সম্পদ সংগ্রহ / ক্রয় | | | | |
| ৭০ | ৬৮০১ | অফিস ভবন | -- | -- | -- |
| ৭১ | ৬৮০৫ | অন্যান্য ভবন | -- | -- | -- |
| ৭২ | ৬৮০৭ | মোটরযান | ১,২০,০০,০০০.০০ | ১,০১,৫৬,৪৫৩.০০ | ১,০১,৫৬,৪৫৩.০০ |
| ৭৩ | ৬৮১৩ | যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জাম | -- | -- | -- |
| ৭৪ | ৬৮১৫ | কম্পিউটার ও যন্ত্রাংশ | ৩,০০,০০০.০০ | ৭৯,২২২.৫০ | ৭৯,২২২.৫০ |
| ৭৫ | ৬৮১৯ | অফিস সরঞ্জাম | ২,০০,০০০.০০ | -- | -- |
| ৭৬ | ৬৮২১ | আসবাবপত্র | ২,০০,০০০.০০ | -- | -- |
| ৭৭ | | সোলার প্যানেল স্থাপন্ন | ১৫,০০,০০০.০০ | -- | -- |
| | | উপমোট : | ১,৪২,০০,০০০.০০ | ১,০২,৩৫,৬৭৫.৫০ | ১,০২,৩৫,৬৭৫.৫০ |
| | ৭০০০ নির্মাণ পূর্ত | | | | |
| ৭৮ | ৭০০৬ | অফিস ভবন | -- | -- | -- |
| ৭৯ | ৭০১৬ | অন্যান্য ভবন ও অবকাঠামো | -- | -- | -- |
| | | উপমোট : | -- | -- | -- |
| | | সর্বমোট : | ৪,৪৯,৮৮,৫০০.০০ | ৩,২৮,২৮,০৪১.২৮ | ৩,১৬,৯৩,৮৪৫.৩৬ |

হিসাব নিরীক্ষা : বাণিজ্যিক অডিট অধিদপ্তর কর্তৃক বিগত ২০১০-১২অর্থ বৎসর পর্যন্ত আর্থিক নিরীক্ষা সম্পন্ন হয়েছে। উক্ত অর্থ বৎসরে অর্থ্যাৎ ২০১০-১২ সময়কালে ০৩টি অডিট আপত্তির মধ্যে ০২টি আপত্তি নিস্পত্তি হয়েছে।

## বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (The Annual performance Agreement):

সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি (Government Performance Management System) এর আওতায় জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সঙ্গে বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর বার্ষিক ২০১৬-১৭ অর্থ বৎসরের কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর হয়। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী বিপিআই এর কার্যসমূহ এর মান অত্যন্ত ভাল।

## পঞ্চম পরিচ্ছেদ

## বিপিআই এর অর্জন ও ভবিষ্যত পরিকল্পনা

অর্জন :

তেল, গ্যাস ও খনিজ খাতে সময়ের চাহিদা অনুসারে প্রশিক্ষণ প্রদান, গবেষণা পরিচালনা ও কারিগরী জ্ঞান বিনিময়ের জন্য যে দক্ষ জনশক্তির প্রয়োজন বিপিআই এ তা অপ্রতুল। তবে ইতোমধ্যে বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০১৬ গেজেট আকারে প্রকাশিত হয়েছে। ফলে শূন্য পদে যোগ্য ও দক্ষ জনবল নিয়োগের মাধ্যমে বিপিআই এ সংকট নিরসনে সক্ষম হবে।

ভবিষ্যত পরিকল্পনা :

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই) পৃথিবীর অন্যান্য দেশের পেট্রোলিয়াম বিষয়ক প্রশিক্ষণ প্রতিষ্ঠানের তুলনায় অনেক পিছিয়ে আছে। এ অবস্থা থেকে উত্তরণের জন্য বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর সক্ষমতা বৃদ্ধির জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের নির্দেশনায় এবং অত্র সেক্টরের বিভিন্ন প্রতিষ্ঠানের সহযোগিতায় সীমিত আকারে বিপিআই এর অবকাঠামোগত মেরামত ও সংস্কার কার্যক্রম সম্পন্ন করেছে। বিপিআই এর প্রবিধানমালার গেজেট প্রকাশিত হওয়ার পর শূন্য পদে জনবল নিয়োগ প্রক্রিয়া শুরু হয়েছে। আশা করা যায় বিপিআই এর শূন্য পদ সমূহে যোগ্যতা সম্পন্ন জনবল দ্বারা পূরণ করা সম্ভব হবে এবং প্রশিক্ষণ প্রদানের ক্ষেত্রে গতিশীলতা আসবে। ইতোমধ্যে বিপিআই প্রশিক্ষণার্থীদের সুবিধার্থে ২৫ শয্যা বিশিষ্ট ডরমেটরী প্রস্তুত করা হয়েছে। ফলে প্রশিক্ষণার্থীদের যে আবাসিক সংকট ছিল তা অচিরেই দূর হবে। “বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর নতুন ভবন নির্মাণ ও প্রশিক্ষণ সংশ্লিষ্ট যন্ত্রপাতি,সফটওয়্যার ( Training related equipments Software ) ও আসবাবপত্র সংগ্রহ” শীর্ষক প্রকল্প গ্রহণ এবং বর্তমান জনবল কাঠামোকে পুনর্গঠন করার উদ্যোগ নেয়া হয়েছে।

## উপসংহার :

জ্বালানি খাতে নিয়োজিত কারিগরী জনবলের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ প্রদান ও গবেষণা পরিচালনা করা বিপিআই এর প্রধান দায়িত্ব। এ দায়িত্ব পালনে বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট অঙ্গিকারাবদ্ধ। বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট তার সীমিত জনবল দিয়ে প্রশিক্ষণ কর্মসূচী পরিচালনা করে আসছে। জনবল ও ভৌত সুবিধাদি প্রশিক্ষণ সংশ্লিষ্ট যন্ত্রপাতি সফটওয়্যার ও আসবাবপত্রের যে সমস্যা রয়েছে তা সুরাহা করার উদ্যোগও গ্রহণ করা হয়েছে। এ সকল উদ্যোগের ফলে আশা করা যায়, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট জ্বালানি খাতে মানসম্পন্ন প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ মানব সম্পদ উন্নয়নে কার্যকর ভুমিকা পালন করবে। প্রতিষ্ঠানটি অচিরেই সকল সমস্যা কাটিয়ে উঠে তার উপর ন্যস্ত দায়িত্ব পালনে সক্ষম হবে। জ্বালানি খাতে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ জনশক্তি গড়ে তুলে এ ইন্সটিটিউট তেল ও গ্যাস অনুসন্ধান, উৎপাদন ও বিতরণ প্রক্রিয়ার সাথে সম্পর্কযুক্ত বিভিন্ন সংস্থা ও দপ্তরের সক্ষমতা বৃদ্ধিতে অবদান রাখবে। ফলে জ্বালানি খাত দক্ষ জনবলের ক্ষেত্রে বিদেশ নির্ভরতা হ্রাস করে নিজস্ব দক্ষ জনশক্তি গঠনে কার্যকর ভূমিকা রাখবে।



----*****----